ঝিনাইদহে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

ঝিনাইদহে নানা আয়োজনে শ্রদ্ধা আর ভালবাসায় পালিত হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস। এ উপলক্ষে বৃহস্পতিবার (১৪ডিসেম্বর) সকালে জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে কালো পতাকা উত্তোলন এবং জাতীয় ও দলীয় পতাকা অর্ধ-নমিত করা হয়। পরে সেখান থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বরে গিয়ে শেষ হয়।

সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন জেলা আওয়ামী লীগের নেতাকর্মীরা। সেসময় ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই এমপিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

একই সময়ে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর নেতৃত্বে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বরে গিয়ে শেষ হয়। পরে মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন তারা।

অপরদিকে রাষ্ট্রের পক্ষে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগসহ নানা সংগঠন শহীদ স্মৃতি স্তম্ভে শ্রদ্ধা নিবেদন করেন।

এছাড়াও আলোচনা সভা, দোয়া মাফফিলসহ নানা কর্মসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে দিবসটি।

ঝিনাইদহ ক্যাডেট কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার

বিতরণী

ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৩ দিন ব্যাপী ৫৮তম আন্তঃহাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকালে সমাপনী দিনে পুরুষ্কার বিতরণ করা হয়। প্রধান অতিথি হিসেবে বিজয়ী ক্যাডেটদের হাতে পুরুষ্কার তুলে দেন বাংলাদেশ সেনাবহিনীর ইঞ্চিনিয়ারিং ইন চিপ মেজর জেনারেল ইফতেখার আনিস।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্নেল এস এম রাকিব ইবনে রেজওয়ান, এ্যাডজুটেন্ট মেজর মোঃ মাঈনুল হোসেন, মেডিকেল অফিসার ক্যাপ্টেন মোহাইমেনুল ইসলাম মাহমুদ।

এছাড়া সমাপনী অনুষ্ঠানে ক্যাডেটদের অভিভাবক শিক্ষকমন্ডলী ও অতিথিগন উপস্থিত ছিলেন। প্রতিযোগিতায় ক্যাডেটরা ৩৩টি ইভেন্টে অংশ গ্রহন করে বদর হাউজ চ্যাম্পিয়ান ও খায়বার হাউজ রানার্সআপ হয়।

প্রধান অতিথি মেজর জেনারেল ইফতেখার আনিস ক্যাডেটবৃন্দের লেখাপড়া শেষ করে দেশপ্রেম এবং সততার সাথে দেশ ও জাতির কল্যানে নিজেদেরকে আত্ননিয়োগ করতে আহ্বান জানান।

ঝিনাইদহে মরা ছাগলের মাংস বিক্রয়ের অভিযোগে এক জনকে কারাদন্ড

ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের ডেফলবাড়ী এলাকায় মরা ছাগল জবাই করে মাংস বিক্রির অভিযোগে, একজনকে আটক করে এক মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বুধবার বিকাল ৫টায় ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও জেলা প্রশাসনের নির্বাহী মাজিস্ট্রেট এস এম নুরুন্নবী এ শাস্তি প্রদান করেন।

দন্ডপ্রাপ্ত ব্যক্তি হলেন সদর উপজেলার নৈহাটি গ্রামের এনামুল মন্ডলের ছেলে সবুজ মন্ডল। সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মনোজ কুমার জানান, সদর উপজেলার গান্না হাট থেকে পাঁচটি মরা ছাগল অটোযোগে ডেফলবাড়ি গ্রামে নিয়ে এসে তা জবাই করে বিক্রির জন্য প্রস্তুত করছিল। পরে ঘটনাস্থলে জেলা গোয়েন্দা পুলিশের একটা দল তাদেরকে আটক করে।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক এসএম নুরুন্নবী জানান, অভিযুক্ত ওই ছাগল ব্যবসায়ী নিজের দোষ স্বীকার করলে তাকে নগদ এক হাজার টাকা জরিমানা ও এক মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

আশাকরি আমাদের উপর অর্থনৈতিক কোন স্যাংশন আসবে না- এফবিসিসিআই সভাপতি

যুক্তরাষ্ট্র অর্থনীতি সংক্রান্ত কোন নিষেধাজ্ঞা দিবে না আশা ব্যক্ত করেছেন ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই’র সভাপতি মাহবুবুল আলম।

আজ সোমবার দুপুরে ঝিনাইদহের শৈলকুপায় একটি বেসরকারি জুট মিলের ভিত্তিপ্রস্তর উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, রাজনীতি যার যার অর্থনীতি সবার। অর্থনীতি ঠিক থাকলে দেশ ঠিক থাকবে। অর্থনীতি ঠিক থাকলে আমরা ঠিক থাকব। আমাদের সাপ্লাই চেইন যদি ঠিক থাকে তাহলে ভালো থাকব। আমাদের অর্থনীতি যদি ধংস হয়ে যায় তাহলে আমাদের তো আর থাকার জাইগা নেই। আমি মনে করি আমাদের বাংলাদেশের মানুষ ব্যবসা বান্ধন মানুষ। আমাদের সরকারও ব্যবসা বান্ধব। আমি মনে করি না যে আমাদের উপর কোন স্যাংশন আসবে।

মাহবুবুল আলম আরও বলেন, আমি আশা করি একটি সুষ্ঠু, অংশগ্রহণমুলক নির্বাচন যেন হয়। সবাই যখন ভোট দিতে আসবে তখন একটি সুন্দর

পরিবেশ সৃষ্টি হবে।

দেশের বন্ধ হওয়া সরকারি পাটকল নিয়ে মাহবুবুল আলম বলেন, অলরেডি সব প্রাইভেট সেক্টরকে মাননীয় প্রধানমন্ত্রী গুরুত্ব দিচ্ছেন। সেহেতু প্রাইভেট সেক্টরের হাতে এলে দেশ কিন্তু এগিয়ে যাবে। এটাই হচ্ছে বাস্তবতা। আমরা মনে করি যেসমস্ত বন্ধ জুট মিল আছে সেগুলো প্রাইভেট সেক্টর করবে। এতে জুট এগিয়ে যাবে। শুধু জুট না, জুটের তৈরী সকল পণ্য বিদেশে রপ্তানী হবে।

এর আগে সকাল সাড়ে ১১ টায় হেলিকপ্টারে করে শৈলকুপার হড়রা গ্রামে আসেন তিনি। পরে দিগনগর মাধ্যমিক বিদ্যালয়ে নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন তিনি। অনুষ্ঠানে শিল্পপিত আসলাম সেরনিয়াবাত, বসুমতি গ্রুপের চেয়ারম্যান জেড এম গোলাম নবীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সংবর্ধনা শেষে বসুমতি জুট মিলের ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন তিনি।

কোটচাঁদপুরের পল্লীতে জমি নিয়ে সংঘর্ষ ৯ জন আহত

কোটচাঁদপুরে জমি নিয়ে রক্তক্ষয়ি সংঘর্ষের ঘটনা ঘটেছে। আজ সোমবার সকালে স্থানীয় বলাবাড়িয়ার খান পাড়ার মাঠে এ সংঘর্ষ হয়। এতে করে ৯ জন গুরুত্বর আহত হয়েছে।

জানা যায়, জমি সংক্রান্ত বিষয় নিয়ে বেশ কিছুদিন ধরে বিবাদ চলে আসছিল দুই পক্ষের মধ্যে।আজ সোমবার সকালে ওই ঘটনা নিয়ে উভয় পক্ষ মারামারিতে জড়ায়। এতে করে উভয় পক্ষের ৯ জন গুরুতর আহত হন। খবর পেয়ে স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আহতদের মধ্যে গুরুতর ৪ জনকে যশোর হাসপাতালে রেফার্ড করেন। বাকিদের চিকিৎসা দিয়ে কোটচাঁদপুর ভর্তি করে দেন।

আহতদের মধ্যে রয়েছে,বলাবাড়িয়া গ্রামের আলা উদ্দিন খান(৬০),জাহাঙ্গীর হোসেন(৩৫),আলমগীর খান(২৮),শাহাজান খান

(৫০),আরিফ হোসেন খান(৪০),ফিরোজ খান(৩৫),আতিয়ার খান(৪২),শাকিব খান(১৭),রোহান খান (১৪) এদের মধ্যে শাহাজান খান,রোহান খান,ফিরোজ খান ও আরিফ হোসেন খানকে যশোর হাসপাতালে রেফার্ড করেছেন,চিকিৎসক।

এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান বলেন,আলাউদ্দিন ও আলীম উদ্দিন আপন দুই ভাই। জমি সংক্রান্ত বিষয় নিয়ে তাদের ভিতর বিবাদ চলছিল। এর আগে বিষয়টি আমি এক প্রকার মিমাংশও করে দিয়ে ছিলাম। এরপরও তারা এ মারামারিতে জড়িয়েছে।

তিনি বলেন, এক পক্ষের ৪ জন গুরুতর আহত হয়েছেন। তাদেরকে প্রথমে যশোর, পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকা ও খুলনায় পাঠানো হয়েছে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তানভির জামান (প্রতিক) বলেন,মারামারির ঘটনায় চিকিৎসা নিতে ৮ জন আসছিল। এরমধ্যে ৪ জনের অবস্থা গুরুতর ছিল। তাদেরকে চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করা হয়েছে। বাকিদেরকে চিকিৎসা দিয়ে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের ভর্তি করা হলেও,তারা যশোর চলে গেছেন।

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) মাসুদুর রহমান বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে ছিলাম। জানতে পারলাম জমি সংক্রান্ত বিষয় নিয়ে ওই দুই পরিবারের মধ্যে বিবাদ চলছিল। ঘটনাটি চেয়ারম্যান মিমাংসা করে দিয়ে ছিলেন। এরপর আজ সকালে মাঠে গিয়ে উভয় পক্ষ মারামারিতে জড়িয়ে পড়েন।

হরিণাকুণ্ডুতে চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের মাঝে নগদ অর্থ প্রদান

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের বিভাগীয় চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের মাঝে নগদ অর্থ প্রদান করা হয়েছে।

আজ সোমবার (১১ডিসেম্বর) দুপুরে হরিণাকুন্ডু পৌরসভার সম্মেলন কক্ষে এ অর্থ প্রদান করা হয়। যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের পক্ষ থেকে বিভাগীয় চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের সম্মানে এ অর্থ বরাদ্দ দেওয়া হয়। জেলার হরিণাকুন্ডু উপজেলার শুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের খুদে শিক্ষার্থীরা বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের খুলনা বিভাগীয় চ্যাম্পিয়ন হয়। সে উপলক্ষে হরিণাকুন্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন সরকারের দেওয়া অর্থ খুদে খেলোয়াড়দের হাতে তুলে দেন।

সেসময় উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম. সাইফুজ্জামান তাজু, টিম লিডার আব্দুস সামাদ আজাদ দিপু, শুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইউসুফ আলী, পৌরসভার কাউন্সিলর ও বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ। বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের বিভাগীয় চ্যাম্পিয়ন দলের শ্রেষ্ঠ খেলোয়াড়কে ৫ হাজারসহ ১৮ জন খেলোয়াড়ের প্রত্যেককে ২ হাজার টাকা করে সম্মানী প্রদানসহ পৌরসভার পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

কোটচাঁদপুরে মানবাধিকার কর্মীদের উদ্যোগে খাবার বিতরণ

শিশু কাঁদে ক্ষুধার জ্বালায় আর মা কাঁদে শিশুর যন্ত্রণায়, এমনই অসহায় পথ শিশু, পাগল, প্রতিবন্ধী ও ভবঘুরে মানুষদেরকে রেল স্টেশন, বাস স্ট্যান্ড ও বাজারে খুঁজে খুঁজে শতাধিক অসহায় মানুষদের মাঝে দুপুরের খাবার বিতরণ করেছে কোটচাঁদপুর মানবাধিকার সংস্থা।

আজ রবিবার ১০ই ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় সারাদিন ব্যাপি অসহায়দের মধ্যে খাদ্য বিতরণ কর্মসূচী চলমান ছিল।

এ সময় উপস্থিত ছিলেন মানবাধিকার মনিটরিং অগর্নাইজেশন কোটচাঁদপুর শাখার সভাপতি সাংবাদিক মোঃ রেজাউল করিম, সাধারণ সম্পাদক এ্যাড.

আশরাফুল আলম মালিথা, সাংবাদিক সুব্রত কুমার, সহ সভাপতি সাংবাদিক মোস্তাফিজুর রহমান, সহ সাধারন সম্পাদক সাংবাদিক আবু সাইদ শওকত, অর্থ সম্পাদক সাংবাদিক মইন খান, দপ্তর সম্পাদক সাংবাদিক আব্দুল্লাহ বাশার, প্রচার সম্পাদক মোঃ আবুল বাশারসহ সংগঠনের অন্যান্য সদস্যরা। অভুক্ত অসহায় মানুষগুলো ও শিশুরা দুপুরের গরম খাবার পেয়ে আনন্দ প্রকাশ করেন।
তারা জানান আমাদের প্রায়ই মানবাধিকারের ভায়েরা খাবার দিয়ে থাকেন। এ বিষয়ে কথা বলা হয় সংস্থার সভাপতি মোঃ রেজাউল করিম এর সাথে।

তিনি জানান কোটচাঁদপুরে আমাদের নিজস্ব কার্যালয় রয়েছে। আমাদের শতাধিক সদস্য আছেন। আমরা রক্তদান, বৃক্ষরোপণ, মানবিক সহায়তা, বাল্য বিবাহ রোধ, গরীব ও মেধাবী শিক্ষার্থীদের সহযোগিতা, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও সমাজে নির্যাতিত নারীদের আইনী সহায়তাসহ বহুবিদ সামাজিক ও মানবিক কার্যক্রম করে থাকি। তারই অংশ হিসেবে আন্তর্জাতিক মানবাধিকার দিবসে অসহায়দেরন মাঝে এক বেলা খাবারের ব্যবস্থা করেছি।

উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগীতা এবং সদস্যদের নিজস্ব অর্থায়নে আমাদের কার্যক্রম গুলো হয়ে থাকে। সমাজের অবহেলিত ও সুবিধা বঞ্চিত মানুষের জন্য মানবিক কাজে সবাইকে এগিয়ে আসার আহবান জানান তিনি।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফলিত পুষ্টি বিষয়ক স্কুল ক্যাম্পেইন অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক স্কুল ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ কৃষি মন্ত্রনালয়ের অধিনস্ত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর

উদ্যোগে রবিবার (১০ডিসেম্বর) সকাল ১০টা থেকে উপজেলার ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে এই ক্যাম্পেইন শুরু হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী ইউনুচ আলী সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শেখ মনিরুল ইসলাম। এছাড়া বিশেষ অতিথি হিসেবে সাংবাদিক মোঃ শাহানুর আলম, বিদ্যালয়ের সভাপতি গোলাম রহমান, সহকারী প্রধান শিক্ষক বিধান চন্দ্র বিশ্বাস প্রমূখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের মূল প্রতিপাদ্য খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক নানা দিক তুলে ধরেণ এবং ছাত্রছাত্রীদের সুষম খাদ্য গ্রহনের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা আব্দুল মজিদ এবং সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা বেলাল আহাম্মেদ। আলোচনা শেষে শিক্ষার্থীদের হাতে দুইটি ফলের চারা, দুই পেকেট সবজি বীজ এবং দুপুরের খাবার তুলে দেন।

ঝিনাইদহে মানবাধিকার দিবস পালিত

‘সবার জন্য স্বাধীনতা, সমতা ও ন্যায় বিচার’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে মানবাধিকার দিবস পালিত হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে রোববার (১০ডিসেম্বর) সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। সেসময় জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড. সালমা ইয়াছমিনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এদিকে দিবসটি উপলক্ষে সকালে শহরের পায়রা চত্বরে মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে জেলার মানবাধিকার সংগঠনগুলো। এতে ব্যানার ফেস্টুন নিয়ে মানবাধিকার বাস্তবায়ন সংস্থা, ওয়েলফেয়ার এফোর্টস, পদ্মা সমাজ কল্যাণ সংস্থার কর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। কর্মসূচীতে মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, শরিফা খাতুন, হাফিজুর রহমান, সুব্রত মল্লিক, হাফিজুর রহমান, বাবলু কুন্ডুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মানবাধিকার বাস্তবায়নের জন্য রাস্ট্র থেকে শুরু করে সমাজের সর্বস্তরের মানুষকে কাজ করার আহ্বান জানান।

ঝিনাইদহে বিএনপির মানববন্ধন কর্মসূচী পালিত

আন্তর্জাতিক মানবাধিকার দিবসে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালন করেছে বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। রোববার (১০ডিসেম্বর) সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের সড়কে এ কর্মসূচী পালিত হয়।

এতে বিএনপি, মহিলা দলসহ উপজেলা বিএনপির নেতাকর্মীরা আলাদা আলাদা ব্যানার নিয়ে অংশ নেয়। কর্মসূচীতে কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ, জেলা বিএনপির উপদেষ্টা ও ঝিনাইদহ আইনজীবী সমিতির সভাপতি এ্যাড. রবিউল ইসলাম, পৌর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি এ্যাড. শামসুজ্জামান লাকি, জেলা বিএনপির মানবাধিকার বিষয়ক সম্পাদক এ্যাড. জাকারিয়া মিলন, মহিলা দলের সাধারণ সম্পাদক তহুরা খাতুন, জেলা বিএনপির আইন বিষয়ক সহ-সম্পাদক এ্যাড. আব্দুল আলিমসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, বিএনপির চলমান আন্দোলন ঘিরে সরকার পুলিশ বাহিনী দিয়ে নিরীহ কর্মীদের মিথ্যা মামলায় গ্রেফতার করে কারাগারে রেখেছে। মাসের পর মাস তাদের পরিবারের সদস্যরা মানবেতর জীবনযাপন করছেন। মিথ্যা, বানোয়াট মামলা দিয়ে গ্রেফতার করিয়ে হাজতে দেওয়া চরম মানবাধিকার লঙ্ঘন। তাই দ্রুত এসব নেতাকর্মীদের নিঃশর্ত